৪৭

আজকের কাগজ

তারিখ 14 OCT 1995
পৃষ্ঠা ১৬ কলাম ২

# মহেশপুর ডিগ্রি কলেজের অধ্যক্ষ অবশেষে পদত্যাগ করতে বাধ্য হয়েছে

ঝিনেদার মহেশপুর ডিগ্রি কলেজের অধ্যক্ষ অবশেষে তার দায়িত্ব ও কলেজ থেকে পদত্যাগ করতে বাধ্য হয়েছে। জানা গেছে, অধ্যক্ষ আফসার উদ্দীন দীর্ঘদিন যাবৎ মোটা অংকের টাকা নিয়ে প্রতি বছর শত শত ছাত্র ছাত্রিদেরকে অবৈধভাবে রেজিস্ট্রেশন করিয়ে এই কেন্দ্র থেকে পরীক্ষা দেয়াচ্ছিলো। কলেজ ফান্ডের হাজার হাজার টাকা বিভিন্ন ভুয়া ভাউচার ও টিএ বিলের নামে আত্মসাৎ করাসহ অবৈধ নিয়োগ দিয়েও অনেকের কাছ থেকে চাকরির প্রলোভন দেখিয়ে মোটা অংকের টাকা নিয়ে চাকরি না দেয়া ও ক্ষমতার অপব্যবহার করতে থাকলে গত ২৩ সেপ্টেম্বর কলেজের ৫৬ জন শিক্ষক কর্মচারি একজোট হয়ে অধ্যক্ষ আফসার উদ্দীনকে পদত্যাগ পত্র লিখতে বাধ্য করে। পদত্যাগ পত্র লেখার পর কলেজ ছাত্র ছাত্রিদেরকে নিজের পক্ষে টানার উদ্দেশ্যে খাতা নিয়ে ক্লাস রুমে ঢুকলে ছাত্র ছাত্রিরাও অধ্যক্ষের কাছ থেকে খাতা কেড়ে নিয়ে তাকে ক্লাস রুম থেকে ও পরে কলেজ থেকে বের করে দেয়। অধিকাংশ শিক্ষক ও কর্মচারি অভিযোগ করেছেন যে, ইতিপূর্বে কোন শিক্ষক বা কর্মচারি উক্ত অধ্যক্ষের কোনো দুর্নীতির প্রতিবাদ করলে অধ্যক্ষ উল্টো তার বিরুদ্ধে কারণ দর্শাও নোটিস, বেতন ভাতা (কলেজ অংশ) বন্ধ করাসহ বিভিন্নধরনের হয়রানী করতো। আরো জানা গেছে, কলেজ ফান্ডের লক্ষাধিক টাকাসহ শিক্ষা মন্ত্রীর অনুদান হিসেবে দেয়া ২৫ হাজার টাকাও অধ্যক্ষ আফসার উদ্দীন আত্মসাৎ করেছে। এছাড়াও ভুয়া ছাত্র ছাত্রীর কাছ থেকেহাজার হাজার টাকা নিয়ে অবৈধ ভাবে রেজিস্ট্রেশন করিয়ে পরীক্ষা দেয়ানোর অপরাধে গত ২৪ সেপ্টেম্বর কলেজ/৬২৩(৮৩) নম্বর স্মারকে যশোর শিক্ষা বোর্ড ও শিক্ষা অধিদফতর থেকে পৃথক পৃথক দু'টি চিঠির মাধ্যমে পরবর্তী মাস থেকে অধ্যক্ষের বেতন ভাতা বন্ধ করে দেয়ার ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্যে কলেজ সভাপতিকে জানানো হয়েছে। মহেশপুর থেকে আমিনুল হক লিটু।